# নভেম্বর/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

প্রশাসক : মোঃ মহিদুল হক
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।

তারিখ : ১৩/১১/২০২৫ খ্রি.।
সময় : দুপুর ১২:০০ ঘটিকা ।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ২০/১০/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :**

| ক্রঃনং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করা হচ্ছে। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল) কাউনিয়া, রংপুর। |
| ০২ | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন। | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

**বিভাগ ভিত্তিক আলোচনা :**

**১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:**

| ক্রঃনং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর/২০২৫ মাসে ইনডোরে ৫৩৪ জন, আউটডোরে ৭২১৯ জন এবং ইমারজেন্সিতে ২৮০০ জন রোগিকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ০৭ টি মেজর অপারেশন ও ৩৫২টি মাইনোর অপারেশন করা হয়েছে। হাসপাতালে মৃত্যু হয়েছে ০১ জনের। তার বিভাগের অন্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | প্রকল্প যাচাই কমিটির সভায় আলোচনাক্রমে পরবর্তী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**২.উপজেলা কৃষি বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা কৃষি অফিসার বলেন যে, তাঁর কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কাউনিয়া, রংপুর। |

**৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জানান যে, উপজেলায় গবাদি পশুর তড়কা রোগ প্রতিরোধে এ পর্যন্ত মোট প্রাপ্ত ৬০০০০ মাত্রা তড়কা টিকার মধ্যে ৫১২০০ মাত্রা টিকা প্রয়োগ করা হয়েছে। সুস্থ পশু জবাইয়ের নিমিত্ত হাট-বাজার তদারকি ও পরীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এলডিডিপি প্রকল্প কর্তৃক প্রদত্ত ৭৫০০ মাত্রা এলএসডি ভ্যাকসিন মাঠ পর্যায়ে বিনামূল্যে প্রয়োগ করা হয়েছে। এছাড়াও ২০২৪-২০২৫ অর্থবছরে বাদ পড়া ছাগল ও ভেড়ার জন্য প্রাপ্ত ৪০০০০ মাত্রা পিপিআর টিকা প্রদান কার্যক্রমও চলমান রয়েছে। তাঁর কার্যালয়ের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**৪. মৎস্য বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, ০১ নভেম্বর/২০২৫ থেকে ৩০ জুন/২০২৫ পর্যন্ত জাটকা ইলিশ রক্ষা কার্যক্রম শুরু হয়েছে। এবিষয়ে বিভিন্ন হাট-বাজার ও আড়তে প্রচার প্রচারনা ও অভিযান পরিচালনা করা হচ্ছে। মা ইলিশ সংরক্ষণ কার্যক্রমের আওতায় গত ২২ অক্টোবর ২০২৫ তারিখে মীরবাগ আড়তে সহকারী কমিশনার (ভূমি) এর নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এতে ২৫ কেজি নিষিদ্ধ আফ্রিকান মাগুর জব্দ করা হয় এবং ১,০০০/- টাকা জরিমানা করা হয়। এছাড়া তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

**৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**

<table>
<tr>
<td>০৫</td>
<td>অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা</td>
<td>
<table>
<tr><td rowspan="2">মাসের নাম</td><td colspan="3">অস্থায়ী পদ্ধতি</td><td colspan="2">দীর্ঘমেয়াদী পদ্ধতি</td><td colspan="2">স্থায়ী পদ্ধতি</td><td rowspan="2">সর্বমোট</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>ইনজেকটেবলস</td><td>IUD</td><td>ইমপ্ল্যানন</td><td>পুরুষ</td><td>মহিলা</td></tr>
<tr><td>অক্টোবর/২০২৫</td><td>১৫৮</td><td>১৮</td><td>৩২২</td><td>১৬</td><td>২৯</td><td>০৩</td><td>০৭</td><td>৫৫৩</td></tr>
</table>
১। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমআইএস ইউনিট কর্তৃক মাঠ পর্যায়ে জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন, তথ্য সংগ্রহ,সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষন, পতিবেদন প্রনয়ণ এবং প্রেরনের কার্যক্রম ডিজিটালাইজ করার লক্ষ্যে ২০১৫ সাল হতেই-এমআইএস কার্যক্রম গ্রহণ করা হয়। ইতিমধ্যে ৬টি জেলায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপারলেস্স ঘোষণা করা হয়েছে।<br>
২। এরই ধারাবাহিকতায় সুবিধাজনক সময়ে রংপুর জেলাসহ আরো ১৬টি জেলার পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপপারলেস ঘোষনা করা হয়েছে।<br>
৩।UH&FWC/MCWC গুলোতে,মা ও শিশু মৃত্যু রোধে সচেতনমুলক স্বাস্থ্য সেবা বৃদ্ধিসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>
৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম-**FPI**,FWV ও FWA কতৃক প্রতিমাসে কার্যক্রম চালু আছে।
</td>
<td>আলোচনান্তে সভায় অনুপস্থিত থাকার কারণে তার বিভাগের কার্যক্রম ব্যহত হচ্ছে। আগামী সভায় তাকে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৫। উক্ত উপজেলায় ৪১ টি ইউনিট হলেও কর্মরত FWA রয়েছে ৩৩ জন।<br>৬। বিভাগীয় মাসিক সমন্বয় সভার দাপ্তরিক দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। | | |

**৬.উপজেলা প্রকৌশল বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,<br>১। উপজেলা পরিষদের ADP ও UDF প্রকল্পের চাহিদা খাত অনুযায়ী পুনরায় দাখিল করার জন্য ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>২। টেপামধুপুর থেকে নন্দীগঞ্জ পর্যন্ত রাস্তা প্রসস্ত করার জন্য দুই পার্শের গাছ কর্তন করা প্রয়োজন। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানকে অনুরোধ করেন। | ১। অতিক্রান্ত সকল ইউনিয়ন চেয়ারম্যানকে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করা হয়।<br>২। সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানকে আবেদনের মাধ্যমে গাছ কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল চেয়ারম্যান, কাউনিয়া, রংপুর । |

**৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

**৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, শিক্ষকগণের পুলিশ ভেরিফিকেশন ও স্থায়ীকরণ, পারিবারিক পেনশন, জিপিএফ মঞ্জুরীসহ বিভিন্ন কার্যক্রম চলমান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

**৯. উপজেলা সমাজ কল্যাণ বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার,কাউনিয়া, রংপুর। |

**১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

**১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, ভিডব্লিউবি এবং মা ও শিশু সহায়তা কর্মসূচীর সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হারাগাছ হতে মা ও শিশু সহায়তা কর্মসূচীর নামের তালিকা পাওয়া যাচ্ছে না। সংশ্লিষ্ট চেয়ারম্যানকে সঠিক সময়ে তালিকা প্রেরন করার জন্য অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

**১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর/২৫ মাস পর্যন্ত ১৮০ জন যুবক ও যুব-মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আত্মকর্মে নিয়োজিত করা হয়েছে ৮৯ জনকে। এছাড়া যুব কল্যাণ তহবিল হতে ৬টি যুব সংগঠনকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর মাধ্যমে =৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা অনুদান প্রদান করা হয়েছে। ঋণ বিতরণের জন্য মাঠ পর্যায়ে জরিপ চলমান। ঋণ আদায়ের হার মাসিক ৮৬%, ক্রমপুঞ্জিত আদায় ৮৪%। এছাড়া তার কার্যালয়ের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

**১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, সঞ্চয় জমা, দল গঠন, ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ কার্যক্রম চলমান রয়েছে। "গাভী পালন" বিষয়ক ০৩ দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদান সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

**১৪. উপজেলা সমবায় বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা সমবায় অফিসার, কাউনিয়া, রংপুর। |

**১৫. বন বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | ফরেষ্টার, বন বিভাগ জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | ফরেষ্টার, বন বিভাগ, কাউনিয়া, রংপুর। |

**১৬.জনস্বাস্থ্য বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপ-সহকারী প্রকৌশলী (জনসাস্থ্য) জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),কাউনিয়া, রংপুর। |

**১৭. উপজেলা খাদ্য বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা খাদ্য কর্মকর্তা, জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা খাদ্য কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**১৮. আনসার ও ভিডিপি বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, আসন্ন জাতীয় নির্বাচন উপলক্ষ্যে আনসার ও ভিডিপি সদস্যদের AVMIS সফট্ওয়্যারে অন্তভূক্ত কার্যক্রম চলমান। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা আনসার ভিডিপি অফিসার, কাউনিয়া, রংপুর। |

**১৯. উপজেলা প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্রঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা ইনস্ট্রাক্টর জানান যে, তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্র, কাউনিয়া, রংপুর। |

২০. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৫-২৬ অর্থবছরের অক্টোবর/২৫ পর্যন্ত ঋণ বিতরণের পরিমাণ ২২২.৫৪ লক্ষ টাকা। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২১. উপজেলা পরিসংখ্যান বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, বর্তমানে মাঠ পর্যায়ে কৃষি পরিসংখ্যানের আওতায় আসন্ন ফলন হার নির্ণয়ের জন্য "নমুনা আমন কর্তন" কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া "প্রবীন জনগোষ্ঠী জরিপ-২০২৫" এবং কৃষিশ্রম একক প্রতি উৎপাদন ও গড় আয় নিরুপন জরিপ-২০২৫" এর কার্যক্রম চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২২. পল্লী জীবিকায়ন প্রকল্প বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পল্লী জীবিকায়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা পল্লী জীবিকায়ন অফিসার,কাউনিয়া, রংপুর। |

২৩. পল্লী বিদ্যুৎ সমিতি, কাউনিয়া

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | ডিজিএম, পল্লী বিদ্যুৎ জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, কাউনিয়া, রংপুর। |

২৪. ৫নং বালাপাড়া ইউনিয়ন পরিষদ:

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | অক্টোবর/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | চেয়ারম্যান, বালাপাড়া ইউপি প্রতিনিধি জানান যে, বালাপাড়া ইউপি ০৫নং ওয়ার্ডের মহল্লাদার অবসর গ্রহন করায় পদটি শূন্য হয়েছে। তিনি শূন্যপদে ০১জন মহল্লাদার নিয়োগের জন্য অনুরোধ করেন।<br>তিনি আরো জানান উপজেলা পরিষদের ২০২৫-২৬ অর্থ বছরের ধার্য্যকৃত ইউপি কর বাবাদ=১,৭৫,১৫৯/-বিল দাখিল করা হয়েছে। বিলটি পরিশোধের জন্য অনুরোধ করেন। | বালাপাড়া ইউপি ০৫নং ওয়ার্ডের ০১ জন, হারাগাছ ইউপি ০৭ নং ওয়ার্ডের ০১জন, শহীদবাগ ইউপি ০১নং ওয়ার্ডের ০১জন, টেপামধুপুর ইউপি ০২নং ওয়ার্ডের ০১জন মোট =০৪জন শূন্যপদে মহল্লাদার পদে নিয়োগের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদের ধার্য্যকৃত ২০২৫-২৬ অর্থবছরের কর রাজস্ব তহবিল ভূমি উন্নয়ন কর খাত হতে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান সংশ্লিষ্ট সকল কাউনিয়া, রংপুর। |

বিবিধ :

| | | | |
|---|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদে সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন করা প্রয়োজন। তিনি উপজেলা পরিষদ চত্বরে সৌর প্যানেল স্থাপনের জন্য সিদ্ধান্তের জন্য পেশ করেন। | সভায় আলোচনান্তে উপজেলা পরিষদে সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপনের জন্য পিআইসি কমিটি মাধ্যমে রাজস্ব খাতের সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন খাত হতে ৩,০০,০০০/-(তিনলক্ষ)টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার , উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |
| ০২। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, তারুণ্যের উৎসব উপলক্ষে ভলিবল টুর্ণামেন্ট ও উপজেলা পর্যায়ে কেরাত প্রতিযোগিতা/২০২৫ উদযাপনে ব্যয় হয়েছে। তিনি উপজেলা উন্নয়ন তহবিল হতে উক্ত ব্যয়ের অনুমতির জন্য পেশ করেন। | সভায় আলোচনান্তে উপজেলা পরিষদে তারুণ্যের উৎসব ভলিবল টুর্ণামেন্ট ও কেরাত প্রতিযোগিতা/২০২৫ খেলাধুলা ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল খেলাধুলা খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কাউনিয়া, রংপুর। |
| ০৩। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা কনফারেন্স রুমের জন্য ০১টি ৫৫ইঞ্চি এলইডি টিভি, ০১টি ডিজিটাল ঘড়ি,উপজেলা পরিষদের সোফা ৩৪ পিছ কভার ক্রয় এবং সোফার ১৭ পিছ কুশন ক্রয় করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে উপজেলা কনফারেন্স রুমের জন্য ০১টি ৫৫ইঞ্চি এলইডি টিভি, ০১টি ডিজিটাল ঘড়ি,উপজেলা পরিষদের সোফা ৩৪ পিছ কভার ক্রয় এবং সোফার ১৭ পিছ কুশন রাজস্ব তহবিল অফিস সরঞ্জাম রক্ষণাবেক্ষণ খাত হতে ভাউচার মূলে ক্রয় করে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কাউনিয়া, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

MHaque
১৬/১১/২৫

(মো: মহিদুল হক)
প্রশাসক
উপজেলা পরিষদ,
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
কাউনিয়া, রংপুর।